গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-২ অধিশাখা
www.emrd.gov.bd

বিষয়: ২৪-০১-২০১৮ তারিখে অনুষ্ঠিত এ বিভাগের ২০১৭-২০১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মাসিক (ডিসেম্বর, ২০১৭)/ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০১৭)/অর্ধ-বার্ষিক (জুলাই-ডিসেম্বর, ২০১৭) লক্ষ্যমাত্রা অর্জন পর্যালোচনা শীর্ষক সভার কার্যবিবরণী।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (Annual Performance Agreement-APA) কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) এঁর সভাপতিত্বে ২৪-০১-২০১৮ তারিখ সকাল ১১:০০ টায় এ বিভাগের ২০১৭-২০১৮ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর মাসিক (ডিসেম্বর, ২০১৭)/ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০১৭)/অর্ধ-বার্ষিক (জুলাই-ডিসেম্বর, ২০১৭) লক্ষ্যমাত্রা অর্জন পর্যালোচনা শীর্ষক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা **পরিশিষ্ট 'ক'** হিসেবে সংযুক্ত করা হলো।

আলোচনা:

০২। সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার প্রারম্ভে সভাপতি এ বিভাগের উপসচিব প্রশা:-২ অধিশাখা ও সদস্য সচিব (এপিএ)-কে সভার আলোচনা শুরু করার জন্য আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে উপসচিব প্রশা:-২ অধিশাখা আলোচ্যসূচি অনুযায়ী পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রদান করেন। সভায় এ বিভাগের ২০১৭-২০১৮ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মাসিক (ডিসেম্বর, ২০১৭)/ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০১৭)/অর্ধ-বার্ষিক (জুলাই-ডিসেম্বর, ২০১৭) লক্ষ্যমাত্রা অর্জন নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনাকালে চুক্তিপত্রের লক্ষ্যমাত্রা অনুযায়ী কৌশলগত উদ্দেশ্যের তেল/গ্যাসের উন্নয়ন ও ওয়ার্কওভার কূপ খনন, গ্যাস উৎপাদন, পেট্রোলিয়াম প্রোডাক্টস এর উৎপাদন, কয়লা আহরণ ও মজুদ বৃদ্ধি, জ্বালানির বিভিন্ন উৎসের অনুসন্ধান, ২-ডি সিসমিক জরিপ, ৩-ডি সিসমিক জরিপ, প্রি-পেইড/ইভিসিযুক্ত মিটার স্থাপন, গ্যাস সঞ্চালন পাইপলাইন সম্প্রসারণ, আমদানিকৃত পরিশোধিত তেল, আমদানিকৃত অপরিশোধিত তেল, তেলের মজুদ ক্ষমতা বৃদ্ধি, ভূতাত্ত্বিক ও ভূপ্রাকৃতিক মানচিত্রায়ন, কোয়ারি রয়্যালটি আদায়, প্রশিক্ষণ আয়োজন, ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন, অডিট আপত্তি নিষ্পত্তিসহ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের সকল বিষয়ে আলোচনা হয়।

০৩। সভায় ২০১৭-২০১৮ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিপত্রে কৌশলগত উদ্দেশ্যের তেল/গ্যাসের উন্নয়ন ও ওয়ার্কওভার কূপ খনন কার্যক্রমের বিষয়ে সংশ্লিষ্ট কোম্পানির প্রতিনিধি জানান যে, খননকৃত ০৪ (চার)টি কূপের মধ্যে ইতোমধ্যে ০১ (এক)টি কূপ খনন সম্পন্ন হয়েছে এবং আর একটি কূপ (শাহবাজপুর) জানুয়ারি, ২০১৮ এর মধ্যে সম্পন্ন হবে। এছাড়া, অন্য দু'টি কূপের খনন কাজ এপ্রিল-মে, ২০১৮ সময়ের মধ্যে সম্পন্ন করা সম্ভব হবে। গ্যাস সঞ্চালন পাইপলাইন সম্প্রসারণ এর বিষয়ে গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড (জিটিসিএল) এর প্রতিনিধি জানান যে, কিছু প্রতিবন্ধকতা থাকায় (বিশেষ করে ভূমি অধিগ্রহণ) গ্যাস সঞ্চালন পাইপলাইন সম্প্রসারণ প্রকল্পের কাজের তেমন কোন অগ্রগতি সাধিত হয়নি। তবে অতি শীঘ্রই উক্ত প্রকল্পের কাজের অগ্রগতি পরিলক্ষিত হবে। সভায় বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি)'র প্রতিনিধি সভাকে জানান যে, আগামী মাসের মধ্যে তেলের মজুদ ক্ষমতা লক্ষ্যমাত্রা অনুযায়ী শতভাগ অর্জন করা সম্ভব হবে। এছাড়া, সভায় আরও জানানো হয় যে, ২-ডি সিসমিক জরিপ, ৩-ডি সিসমিক জরিপ, ভূতাত্ত্বিক ও ভূপ্রাকৃতিক মানচিত্রায়ন এর কার্যক্রম শুষ্ক মওসুম ছাড়া করা সম্ভব নয় বিধায় লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন করা সম্ভব হয়নি। ডিসেম্বর, ২০১৭ মাসের শেষ হতে পুরোদমে কার্যক্রম শুরু করায় নির্ধারিত সময়ের পূর্বেই শতভাগ লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে।

০৪। ২০১৭-২০১৮ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের বিষয়সমূহের নির্দেশনা অনুয়ায়ী শতভাগ লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করার বিষয়েও সভায় আলোচনা করা হয়। এছাড়া, ২০১৭-২০১৮ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০১৭)/অর্ধ-বার্ষিক (জুলাই-ডিসেম্বর, ২০১৭) অর্জন প্রতিবেদন এ বিভাগের বাজেট ব্যবস্থাপনা কমিটি (বিএমসি) এর সভায় উপস্থাপনপূর্বক অনুমোদিত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।

০৫। পরিশেষে সভাপতি সংশ্লিষ্ট দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থাসমূহের প্রতিনিধিদের উদ্দেশ্যে বলেন যে, এ বিভাগের ২০১৭-২০১৮ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মোতাবেক অধিকাংশ ক্ষেত্রেই আমরা লক্ষ্যমাত্রা অর্জন করেছি। তবে কোনো কোনো ক্ষেত্রে পিছিয়ে আছে। সভায় পিছিয়ে থাকার কারণসমূহ আমরা সনাক্ত করেছি। এছাড়া, কর্মক্ষেত্রে নিয়োজিত সংশ্লিষ্ট কর্মকর্তাগণ তাদের নিজ নিজ দূর্বলতার দিক ভালো জানেন। সে আলোকে কার্যক্ষেত্রের দূর্বলতাসমূহ দূর করে কর্মে নিষ্ঠা ও সর্বাত্মক প্রচেষ্টার মাধ্যমে লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন করার জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করেন।

০৬। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

সিদ্ধান্ত:

৬.১। (ক) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০১৭-২০১৮ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০১৭)/অর্ধ-বার্ষিক (জুলাই-ডিসেম্বর, ২০১৭) অর্জন প্রতিবেদন এ বিভাগের বাজেট ব্যবস্থাপনা কমিটি (বিএমসি) এর সভায় উপস্থাপনপূর্বক অনুমোদিত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে;

(খ) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ই-ফাইলিং কার্যক্রমের বিষয়ে প্রতিমাসে শাখা/অধিশাখা ভিত্তিক প্রতিবেদন দাখিল করতে হবে;

(গ) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/অধিদপ্তর/সংস্থার অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে জোর পদক্ষেপ গ্রহণ করতে হবে;

(ঘ) ২০১৭-২০১৮ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিপত্রে যে লক্ষ্যমাত্রা প্রদান করা হয়েছে ঐ লক্ষ্যমাত্রা অর্জনের জন্য যথাযথ তদারকির মাধ্যমে শতভাগ লক্ষ্য অর্জনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৭। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল কর্মকর্তাকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ নুরুল আমীন)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।